প্রথম আলো

17 JAN 2007
পৃষ্ঠা ৫ কলাম ১

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নতুন অধ্যাদেশ আসছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চার বছর মেয়াদি সম্মান কোর্সের শিক্ষার্থীদের জন্য নতুন অধ্যাদেশ চালু হতে যাচ্ছে। অধ্যাদেশ অনুযায়ী একজন শিক্ষার্থীকে এখন থেকে প্রতিটি বর্ষের চূড়ান্ত পরীক্ষায় ন্যূনতম জিপিএ-২ পেতে হবে। সম্মানের চূড়ান্ত ফলাফলে (চার বছরের গড় ফলাফল) তাকে সিজিপিএ (চার বছরের মোট ক্রেডিট) ২ দশমিক ৫ অর্জন করতে হবে।

অধ্যাদেশটি পাস হলে একজন শিক্ষার্থী জিপিএ-২ পাওয়ার পর তিনি পরবর্তী শিক্ষাবর্ষে উঠতে পারবেন। যদি ২-এর বেশি পান কিন্তু কোনো একটি বিষয়ে ফলাফল বিপর্যয় ঘটে, তবে তিনি চাইলে পরবর্তী ব্যাচের সঙ্গে সেই পরীক্ষা দিয়ে জিপিএ পয়েন্ট বাড়াতে পারবেন। এ ক্ষেত্রে উত্তীর্ণ হওয়ার ক্ষেত্রে সমস্যা হবে না।

বর্তমান ব্যবস্থায় চার বছরের সব ক্রেডিটে শিক্ষার্থীকে উত্তীর্ণ হতে হয়। একটি ক্রেডিটে উত্তীর্ণ না হলে এক বছর পিছিয়ে যেতে হয়।

কমিটির কয়েকজন শিক্ষক *প্রথম আলোকে* বলেন, পুরোনো এবং পরিবর্তিত নতুন অধ্যাদেশের মধ্যে পার্থক্য হচ্ছে আগে শিক্ষার্থীদের সব ক্রেডিট নিয়ে পাস করতে হতো। এখন কিছু ক্রেডিট না পেলেও তিনি সম্মানের সার্টিফিকেট অর্জন করতে পারবেন।

একাডেমিক কাউন্সিলের আগামী সভায় বিভিন্ন বিভাগের সদস্যরা (শিক্ষক) মতামত দিলে এ অধ্যাদেশ অনুমোদন করা হবে বলে প্রশাসন সূত্রে জানা গেছে। ইতিমধ্যে এ বিষয়ে গঠিত একটি কমিটি অধ্যাদেশের বিভিন্ন নিয়মকানুন তৈরি করে উপাচার্য ড. এম বদিউল আলমের কাছে জমা দিয়েছেন।

এ বিষয়ে দুই মাস আগে একাডেমিক কাউন্সিলের সভায় আট সদস্যের একটি কমিটি গঠন করা হয়। পরে উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এম এ গফুরকে প্রধান করে তিন সদস্যের আরেকটি কমিটি করে তাঁদের দায়িত্ব দেওয়া হয়। ড. গফুর *প্রথম আলোকে* বলেন, শিক্ষার্থীদের স্বার্থ ও সুবিধার কথা বিবেচনা করেই নতুন অধ্যাদেশ তৈরি করা হয়েছে।

কমিটি সূত্রে জানা গেছে, আগের অধ্যাদেশ সংশোধন ও সমন্বয় করেই নতুন নিয়মটি চালু হচ্ছে। এটি সব বিভাগের জন্য প্রযোজ্য হবে